

## সমকাল

# দাবি পূরণ না হওয়া পর্যন্ত বুয়েটে ভর্তি পরীক্ষা বন্ধের ঘোষণা শিক্ষার্থীদের

১১ অক্টোবর ২০১৯ | Updated ১২ অক্টোবর ২০১৯

---

সমকাল প্রতিবেদক

---



শুক্রবার বিকেলে বৈঠকে আন্দোলনরত শিক্ষার্থীরা - সমকাল

সব দাবি পূরণ না হওয়া পর্যন্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্যবিদ্যালয়ে (বুয়েট) ভর্তি পরীক্ষা না নেওয়ার পক্ষে অবস্থান নিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

আবরার ফাহাদ হত্যাকাণ্ডের প্রতিবাদে ১০ দফা দাবিতে শুক্রবার বিকেলে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে বৈঠক করেন বুয়েট উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। এ সময় বুয়েটে সাংগঠনিক ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা, অভিযুক্তদের সাময়িক বহিকারসহ ছাত্রদের অধিকাংশ দাবিই মেনে নেন ভিসি। কিন্তু ভর্তি পরীক্ষার বিষয়ে সমরোতা ছাড়াই আলোচনা শেষ হয়।

ছাত্রদের দাবি, আগে আবরারের হত্যাকারীদের স্থায়ী বহিকার করতে হবে, হল থেকে ছাত্র নেতাদের উচ্চেদ করতে হবে, অতীতের নির্যাতনে দায়ীদের শাস্তি দিতে হবে, তারপর বুয়েটে একাডেমিক কার্যক্রম শুরু করতে দেওয়া হবে। এর আগে আগামী ১৪ অক্টোবরের ভর্তি পরীক্ষা নেওয়া যাবে না।